**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**22 SEPTEMBER 2025** **7:35 AM IST**

===============================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ একদিনের সফরে অরুনাচল প্রদেশ এবং ত্রিপুরায় আসছেন । এই সফরকালে প্রধানমন্ত্রী শ্রীমোদী অরুনাচল প্রদেশে ৫ হাজার ১০০ কোটি টাকারও অধিক ব্যয়ে বেশকয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন করা সহ তিন হাজার ৭০০ কোটি টাকা ব্যয় সাপেক্ষে দুটি বৃহৎ জল প্রকল্পের ভিত্তিপ্রস্তরও স্থাপন করবেন । এই কার্যসূচীর মধ্যে অন্যান্য বিভিন্ন প্রকল্প সহ সীমান্তবর্তী তাওয়াং জেলায় নির্মীয়মান একটি অত্যাধুনিক সম্মেলন কেন্দ্রের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । শ্রী মোদী এক হাজার ২৯০ কোটি টাকা ব্যয়সাপেক্ষে বেশকয়েকটি পরিকাঠামো প্রকল্পের সূচনা করবেন । এই প্রকল্পগুলির মাধ্যমে রাজ্যের যোগাযোগ ,স্বাস্থ্য অগ্নি নির্বাপন সেবা সহ বেশ কয়েকটি ক্ষেত্রের পরিকাঠামো উন্নত করার লক্ষ্য নির্ধারন করা হয়েছে । ইটানগরে এক জনসভায় ভাষন দেওয়া সহ রাজ্যের স্থানীয় করদাতা ,ব্যাবসায়ী এবং শিল্প প্রতিনিধিদের সঙ্গে মত বিনিময় করবেন প্রধানমন্ত্রী ।

ত্রিপুরার মাতাবাড়ীর মাতা ত্রিপুরা সুন্দরীর প্রাঙ্গণে উন্নয়নমূলক কাজেরও সূচনা করবেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে আজ নবরাত্রীর প্রথম দিন থেকেই সমগ্র দেশে পণ্য ও পরিষেবা কর , জি এস টি রেহাই কার্যকর হবে । এর ফলে দুস্থ , মধ্যবিত্ত , কৃষক , প্রবিণ নাগরিক এবং যুবক যুবতীরা উপকৃত হবেন বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন । গতকাল বিকেলে পণ্য ও সেবা কর , জি এস টি'র নতুন সংস্কার সম্পর্কে জাতীর উদ্দেশ্যে প্রদত্ত ভাষনে প্রধানমন্ত্রী একথা বলেন । স্বাধীনতার পরবর্তী সময়ে এটি দেশের সর্ববৃহৎ কর সংস্কার বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন । চিকিৎসা ক্ষেত্রে ব্যবহৃত সামগ্রীর ক্ষেত্রে জি এস টি হ্রাস বিভিন্ন স্তরের লোকেদেরকে উপকৃত করবে । এছাড়া শিক্ষা ক্ষেত্রে জি এস টি'র হার হ্রাস পাওয়ার ফলে শিক্ষার্থীরা বিশেষভাবে উপকৃত হবে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন ।

---

সদ্য প্রয়াত কন্ঠশিল্পী জুবিন গার্গের শেষ কৃত্য আগামীকাল কামরূপ মহানগরের সোনাপুর রাজস্ব চক্র এলাকার পাণবাড়ী মৌজার অর্ন্তগত কামারকুছি গ্রামের হাতীমুরায় সম্পন্ন হবে । গতকাল রাতে দিশপুর লোকসেবা ভবনে মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে আয়োজিত মন্ত্রীসভার বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে । এছাড়া ও মন্ত্রীসভার বৈঠকে আসন্ন শারদীয়া দূর্গা পূজায় অসম চা নিগমের অধীনে থাকা চা বাগানের শ্রমিকদের ২০ শতাংশ হারে বোনাস প্রদানের সিদ্ধান্ত হয়েছে ।

---

উল্লেখ্য জুবিন গার্গের পার্থীব শরীর গতকাল সকালে গুয়াহাটীর গোপীনাথ বরদলৈ আন্তর্জাতিক বিমানবন্দরে নিয়ে আসার পর প্রথমে অভূতপূর্ব জনসমাগমে তাঁর বাসগৃহে নিয়ে যাওয়া হয় । বাসগৃহে

পরিবারের সদস্যদের শেষ শ্রদ্ধা জানানোর পর তাঁর নশ্বর দেহ সরুসজাইর অর্জুন ভোগেশ্বর বরুয়া ক্রীড়া মাঠে রাখা হয়েছে । শিল্পীকে শেষ শ্রদ্ধা জানানোর জন্য আজও ষ্টেডিয়াম খোলা রাখা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা জানিয়েছেন । এদিকে প্রয়াত শিল্পীর অন্ত্যেষ্টিক্রিয়া গুয়াহাটীর পার্শ্ববর্তী সোনাপুরে সম্পন্ন করা হবে বলে শিক্ষামন্ত্রী ডাঃ রণোজ পেগু এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন । শিক্ষামন্ত্রী ডক্টর পেগু জানান ---

বাইট

এই বিষয়ে প্র্যাত শিল্পীর স্ত্রী গরিমা সাইকিয়া জানান – **বাইট**

---

সদ্য প্রয়াত কণ্ঠ শিল্পী জুবিন গার্গের প্রতি শ্রদ্ধা জানিয়ে বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের পক্ষ থেকে আজ সন্ধ্যা পাঁচটায় বঙ্গ ভবনে একটি শোকসভার আয়োজন করা হয়েছে । এছাড়া আজকের দূর শিক্ষা কেন্দ্রের ভর্তি সংক্রান্ত সাক্ষাৎকার স্থগিত রাখা হয়েছে ।

---

বড়ো স্বশাসিত পরিষদ (বিটিসি)-র নির্বাচন আজ অনুষ্ঠিত হচ্ছে । নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য জেলা প্রশাসনগুলি ইতিমধ্যে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে । প্রিসাইডিং এবং পোলিং আধিকারীকরা ইতিমধ্যে নিজ নিজ ভোটকেন্দ্রে উপস্থিত হয়েছেন । বাক্সা জেলার ৫৭৫ টি ভোটকেন্দ্রে আজ ভোটগ্রহণ করা হচ্ছে । জেলার ৬ টি

পরিষদীয় সমষ্টির ৪ লক্ষ ৭৪ হাজার ১৯৭ জন ভোটদাতা ৫২ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন । চিরাং জেলার ৭ টি পরিষদীয় সমষ্টির মোট ৪৬৬টি ভোটগ্রহণ কেন্দ্রে আজ ভোট গ্রহণ করা হচ্ছে ।

---

কাছাড়ের বিদ্যালয় সমূহের পরিদর্শকের নির্দেশে এবং জেলা স্তরীয় আভ্যন্তরীন পরীক্ষা নিয়ন্ত্রন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী আজকের নবম ও দশম শ্রেণীর ষান্মাসিক পরীক্ষা স্থগিত রাখার কথা জানানো হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে সংশোধিত পরীক্ষা সূচী পরে জানানো হবে ।

---